গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারা অধিদপ্তর

৩০/৩, উমেশদত্ত রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৫.০০১.২০২৩-১০৫৩ তারিখঃ ২৬ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ / ১০ আগস্ট ২০২৩ খ্রিঃ

বিষয়: কারা বিভাগে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ঈদ ভর্তুকী (প্রণোদনা) মূল্য পরিশোধের বিষয়ে গঠিত কমিটির কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

সূত্র: কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৫.০০১.২২-৭৩৯ তারিখ: ১২ জুন ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ আদেশের প্রেক্ষিতে গঠিত কমিটির কার্যবিবরণী মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ০২ (দুই) পাতা।

১০/৮/২৩

শেখ সুজাউর রহমান
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
ও
সভাপতি
ঈদ প্রণোদনা খসড়া প্রণয়ন কমিটি
addl.ig@prison.gov.bd

কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারা অধিদপ্তর

৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

www.prison.gov.bd

পত্র নং- ৫৮.০৪.০০০০.০২১.০৫.০০১.২৩- ৩৮১ তারিখঃ ১৯ চৈত্র ১৪৩০ / ০১ এপ্রিল ২০২৪

কারা অধিদপ্তর, ঢাকা এর স্মারক নম্বর-৫৮.০৪.০০০০.০২১.০৫.০০১.২০২০-১০৫৩ তারিখঃ ১০-০৮-২০২৩ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

১. কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর **(মেইলযোগে)**।
   আপনার অধীনস্থ কারাগারসমূহে অনুলিপি প্রেরণ পূর্বক বর্ণিত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।
২. সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার **(মেইলযোগে)**।
৩. কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
৪. সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৫. প্রশাসনিক কর্মকর্তা-১ ও ২/বাজেট অফিসার/স্টাফ অফিসার/ডেপুটি জেলার (প্রশাসন, উন্নয়ন ও আইন)/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল/কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট/প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৭. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৮. ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক ও কারা উপ মহাপরিদর্শক (সঃ দঃ) মহোদয়ের সদয় অবগতির জন্যে।
৯. গার্ড ফাইল।

০১/০৪/২৪

মোঃ মাইন উদ্দিন ভূঁইয়া
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
ফোন-৫৭৩০০৪৬৬ (দপ্তর)

পবিত্র ঈদ-উল ফিতর ও ঈদ-উল আযহা উপলক্ষ্যে কারা কর্মকর্তা ও কর্মচারীদের প্রদত্ত ভর্তুকি (প্রণোদনা) মূল্য পরিশোধের বিষয়ে কারা অধিদপ্তরের পত্র নং- ৫৮.০৪.০০০০.০২১.০৫.০০১.২২-৭৩৯ তারিখ: ১২/৬/২০২৩ মূলে নিম্নেবর্ণিত কমিটি গঠন করা হয়:

| | | |
|---|---|---|
| ১. | কর্নেল শেখ সুজাউর রহমান<br>অতিরিক্ত কারা মহাপরিদর্শক<br>কারা অধিদপ্তর, ঢাকা | সভাপতি |
| ২. | জনাব এ, কে, এম, ফজলুল হক<br>কারা উপ মহাপরিদর্শক,<br>ঢাকা বিভাগ, সদর দপ্তর, ঢাকা | সদস্য |
| ৩. | জনাব মো: মোকাম্মেল হোসেন<br>জেল সুপার<br>নারায়ণগঞ্জ জেলা কারাগার | সদস্য |
| ৪. | জনাব মো: তারেক কামাল<br>জেলার<br>ফরিদপুর জেলা কারাগার | সদস্য সচিব |

বর্ণিত স্মারক পত্রের নির্দেশনায় কমিটির সকল সদস্য গত ১৮/৬/২০২৩ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় কারা অধিদপ্তরের সম্মেলন কক্ষে মিলিত হন। এসময় কারাগারের ক্যান্টিনের আয়-ব্যয়,কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা, কারাগারের বন্দি সংখ্যা ও সক্ষমতাসহ সার্বিক বিষয়ে বিশদ আলোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায়যে,বেশিরভাগ কারাগারের স্টাফ সংখ্যা ৭৫-৮০জন; কিন্তু বন্দি সংখ্যার পার্থক্য অনেক বেশি। উদাহরণস্বরূপ: খাগড়াছড়ি জেলা কারাগারের স্টাফ সংখ্যা ৮২ জন; বন্দির সংখ্যা ১৭৮ জন। অপরদিকে রাজবাড়ি জেলা কারাগারের স্টাফ সংখ্যা ৯০ জন; বন্দির সংখ্যা ৬০৬ জন । সংগতকারণে রাজবাড়ি জেলা কারাগারের ক্যান্টিনের আয় খাগড়াছড়ি জেলা কারাগারের আয় হতে প্রায় ৭গুন বেশি। অথচ উভয় কারাগারে ঈদ ভর্তুকির পরিমাণ প্রায় সমান। ফলে এ ভর্তুকি ব্যয় খাগড়াছড়ি জেলা কারাগারের পক্ষে নির্বাহ করা সম্ভব হয় না। কাজেই আয়ের উপর নির্ভর করে ব্যয় নির্ধারণ করা সমীচীন বলে কমিটি মনে করে।

সে প্রেক্ষিতে ঈদ ভর্তুকির ব্যয় নির্ধারণে কারাগারের ক্যান্টিনের আয়, বন্দির সংখ্যা, স্টাফ সংখ্যা বিবেচনা করে বিভিন্ন সুত্রে ফেলে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনা শেষে ঈদ ভর্তুকি ব্যয় নির্বাহের জন্য কারাগারকে ৬টি ক্যাটাগরিতে বিভক্ত করে নির্দিষ্ট অনুপাতে ব্যয় নির্বাহ করা যেতে পারে বলে কমিটি ইতোপূর্বে নিম্নরূপ সুপারিশ প্রদান করে:

| ক্যাটাগরি | বন্দি সংখ্যা | স্টাফ সংখ্যা অনুযায়ী ভূর্তিকী প্রদানের হার | অতিরিক্ত প্রদানের হার (ক্যাটাগরি 'ডি' 'ই' 'এফ' এর ঈদ ভূর্তিকীর মোট ঘাটতির) |
|---|---|---|---|
| এ | ৪০০০ এর অধিক | ১০০% | ঘাটতির ৩০% |
| বি | ২০০১ থেকে ৪০০০ | ১০০% | ঘাটতির ৪০% |
| সি | ১০০১ থেকে ২০০০ | ১০০% | ঘাটতির ৩০% |
| ডি | ৬০১ থেকে ১০০০ | ৯০% | -- |
| ই | ৩০১ থেকে ৬০০ | ৫০% | -- |
| এফ | ০১ থেকে ৩০০ | ২০% | -- |

উক্ত সুপারিশের বিষয়ে মতামত প্রদানের নিমিত্তে কারা অধিদপ্তর হতে সকল বিভাগীয় দপ্তরে পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে প্রাপ্ত মতামতের উপর ভিত্তি করে কমিটি সকল সদস্য অদ্য ০৮/৮/২০২৩ খ্রি: কারা অধিদপ্তরে একটি সভা করা হয় । কারা উপ মহাপরিদর্শক গনের প্রাপ্ত মতামতের উপর বিশদ আলোচনা ও পর্যালোচনা শেষে প্রণোদনা মূল্য পরিশোধের বিষয়ে কমিটি ৭ ক্যাটাগরিতে বিভক্ত করে সর্বমম্মতিক্রমে নিম্নোক্ত সুপারিশ প্রদান করছে:-

| ক্যাটাগরি | বন্দি সংখ্যা | স্টাফ সংখ্যা অনুযায়ী ভূর্তিকী প্রদানের হার | অতিরিক্ত প্রদানের হার (ক্যাটাগরি 'এফ' 'জি' এর ঈদ ভূর্তিকীর মোট ঘাটতির) |
|---|---|---|---|
| এ | ৪০০০ এর অধিক | ১০০% | ঘাটতির ২৫% |
| বি | ২০০১ থেকে ৪০০০ | ১০০% | ঘাটতির ৪০% |
| সি | ১৫০১ থেকে ২০০০ | ১০০% | ঘাটতির ১০% |
| ডি | ১০০১ থেকে ১৫০০ | ১০০% | ঘাটতির ২৫% |
| ই | ৫০১ থেকে ১০০০ | ১০০% | -- |
| এফ | ৩০১ থেকে ৫০০ | ৫০% | -- |
| জি | ০১ থেকে ৩০০ | ২০% | -- |

**'এ' ক্যাটাগরি:** যেসব কারাগারে বন্দি সংখ্যা ৪০০০ এর অধিক থাকবে সেসব কারাগার 'এ' ক্যাটাগরিভূক্ত হবে। এসব কারাগার তাদের ঈদ ভর্তুকির ১০০% টাকা প্রদান করার পাশাপাশি 'এফ' 'জি' ক্যাটাগরির কারাগারের প্রনোদনা ঘাটতির ২৫% অর্থ অতিরিক্ত প্রদান করবে।

উদাহরণস্বরূপ 'এ' ক্যাটাগরির একটি কারাগারের স্টাফ সংখ্যা ৬০০ হলে তারা ৬০০× ১৬৫০ বা ৯,৯০,০০০ টাকা প্রদান করবে। সেসাথে 'এফ' 'জি' ক্যাটাগরির কারাগারে মোট ঘাটতি ১০,০০,০০০ টাকা হলে সে ঘাটতির ২৫% অর্থাৎ ২,৫০,০০০ টাকাও প্রদান করবে। উল্লেখ্য যে 'এ' ক্যাটাগরিতে যদি ০২টি কারাগার থাকে তারা সমান ০২ (দুই) ভাগ করে অর্থাৎ ১,২৫,০০০ টাকা প্রত্যেকে অতিরিক্ত প্রদান করবেন।

**'বি' ক্যাটাগরি:** যেসব কারাগারে বন্দি সংখ্যা ২০০১ থেকে ৪০০০ এর মধ্যে থাকবে সেসব কারাগার 'বি' ক্যাটাগরিভূক্ত হবে। এসব কারাগার তাদের ঈদ ভর্তুকির ১০০% টাকা প্রদান করার পাশাপাশি 'এফ' 'জি' ক্যাটাগরির কারাগারের প্রনোদনা ঘাটতির ৪০% অর্থ অতিরিক্ত প্রদান করবে।

**'সি' ক্যাটাগরি:** যেসব কারাগারে বন্দি সংখ্যা ১৫০১ থেকে ২০০০ এর মধ্যে থাকবে সেসব কারাগার 'সি' ক্যাটাগরিভূক্ত হবে। এসব কারাগার তাদের ঈদ ভর্তুকির ১০০% টাকা প্রদান করার পাশাপাশি 'এফ' 'জি' ক্যাটাগরির কারাগারের সর্বমোটপ্রণোদনা ঘাটতির ১০% অর্থ অতিরিক্ত প্রদান করবে।

**'ডি' ক্যাটাগরি:** যেসব কারাগারে বন্দি সংখ্যা ১০০১ থেকে ১৫০০ এর মধ্যে থাকবে সেসব কারাগার 'ডি' ক্যাটাগরিভূক্ত হবে। এসব কারাগার তাদের ঈদ ভর্তুকির ১০০% টাকা প্রদান করার পাশাপাশি 'এফ' 'জি' ক্যাটাগরির কারাগারের সর্বমোট প্রণোদনা ঘাটতির ২৫% অর্থ অতিরিক্ত প্রদান করবে;

**'ই' ক্যাটাগরি:** যেসব কারাগারে বন্দি সংখ্যা ৫০১ থেকে ১০০০ এর মধ্যে থাকবে সেসব কারাগার 'ই' ক্যাটাগরিভূক্ত হবে। এসব কারাগার তাদের ঈদ ভর্তুকির ১০০% টাকা প্রদান করবে;

**এফ' ক্যাটাগরি:** যেসব কারাগারে বন্দি সংখ্যা ৩০১ থেকে ৫০০ এর মধ্যে থাকবে সেসব কারাগার 'এফ' ক্যাটাগরিভূক্ত হবে। এসব কারাগার তাদের ঈদ ভর্তুকির ৫০% টাকা প্রদান করবে।

**'জি' ক্যাটাগরি:** যেসব কারাগারে বন্দি সংখ্যা ০১ থেকে ৩০০ এর মধ্যে থাকবে সেসব কারাগার 'জি' ক্যাটাগরিভূক্ত হবে। এসব কারাগার তাদের ঈদ ভর্তুকির ২০% টাকা প্রদান করবে।

উপরোক্তহারে দুই ঈদের ভূর্তিকী প্রদানের পাশাপাশি নিম্নোক্ত বিষয়গুলো কারাগারে প্রতিপালণের নির্দেশনা প্রদানের জন্য কমিটি সর্বসম্মতিক্রমে সুপারিশ করছে।

## সুপারিশ

১। প্রনোদনা প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট ঈদের পূর্ববর্তী মাসের ০১ তারিখের বন্দি সংখ্যার ভিত্তিতে ক্যাটাগরি নির্ধারণ করা যেতে পারে;
২। কারা অধিদপ্তর ক্যাটাগরি বিভাজন করে টাকার প রিমাণ নির্ধারণ করত: কারা উপ মহাপরিদর্শকসহ সকল কারা কর্তৃপক্ষকে অবহিত করবেন;
৩। কারা উপ মহাপরিদর্শকগণ তাঁর বিভাগের অধিনস্ত কারাগার থেকে ভর্তুকির টাকা সংগ্রহ করে অধিদপ্তরের নির্দিষ্ট একাউন্টে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন;
৪। যেহেতু বৎসরে ২টি ঈদ প্রণোদনা দেয়া হয় সেহেতু সকল কারা কর্তৃপক্ষকে শুরু থেকেই প্রণোদনার টাকা সংস্থান রাখারবিষয়ে নির্দেশনা দেয়া যেতে পারে।

| মো: তারেক কামাল<br>জেলার<br>ও সদস্য সচিব<br>ঈদ প্রণোদনা খসড়া<br>প্রণয়ন কমিটি | মো: মোকাম্মেল হোসেন<br>জেল সুপার<br>ও সদস্য<br>ঈদ প্রণোদনা<br>খসড়া প্রণয়ন কমিটি | এ,কে,এম, ফজলুল হক<br>কারা উপ মহাপরিদর্শক<br>ও সদস্য<br>ঈদ প্রণোদনা<br>খসড়া প্রণয়ন কমিটি | কর্নেল শেখ সুজাউর রহমান<br>অতিরিক্ত কারা মহাপরিদর্শক<br>ও সভাপতি<br>ঈদ প্রণোদনা<br>খসড়া প্রণয়ন কমিটি |
|---|---|---|---|

অনুমোদিত হলো/হলো না